তারিখ 22 JUL 2009
পৃষ্ঠা ৫ কলাম ৫

# একাদশ শ্রেণীতে ভর্তি ফির অভিযোগ খতিয়ে দেখা হবে
## –শিক্ষামন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, একাদশ শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে সরকার নির্ধারিত ফির চেয়ে বেশি নেয়া হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। তিনি বলেন, ভর্তি ফির বিষয়ে যে নিয়ম আছে তা মেনে চলতে হবে। কোনও প্রতিষ্ঠান তা না মানলে নিয়ম অনুযায়ী যা করার তাই করা হবে। এ বিষয়ে কোনও অভিযোগ পেলে তা খতিয়ে দেখা হবে এবং সে অনুযায়ী সিদ্ধান্ত নেয়া হবে। গতকাল (রোববার) শিক্ষা মন্ত্রণালয়ে সাংবাদিকদের কাছে তিনি এ কথা বলেন।

গত ৮ জুন ২০০৯-১০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির নীতিমালা জারির পর শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। বিলম্ব ফি ছাড়া ৭ জুলাইয়ের মধ্যে ভর্তি শেষ করতে হবে। বিলম্ব ফিসহ ভর্তির শেষ তারিখ ২০ জুলাই। ক্লাস শুরু হওয়ার কথা আগামী ১২ জুলাই থেকে।

এবার একাদশ শ্রেণীতে ভর্তিতে নিয়মিত শিক্ষার্থীদের জন্য মোট ১২২ টাকা ফি নির্ধারণ করে দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এর মধ্যে নিবন্ধন ফি ৫০ টাকা, ক্রীড়া ফি ২৫ টাকা, রোভার স্কাউট ফি ১৫ টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭ টাকা এবং শাখা ও বিষয় পরিবর্তন ফি ২৫ টাকা রাখা হয়েছে। তবে শিক্ষার্থীদের পাঠদান বিরতি থাকলে ও বিলম্বে ভর্তি হলে সেক্ষেত্রে পাঠদান বিরতি ফি ১০০ ও বিলম্ব ভর্তি ফি ৫০ টাকা করে বাড়তি দিতে হবে।